উন্নয়নের অক্সিজেন রাজস্ব

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনকল্যাণের রাজস্ব

কাস্টম হাউস, চট্টগ্রাম।
নিলাম শাখা
www.chc.gov.bd

নথি নং-৫(৩৩৯)/কাস-চ/অক/টেন্ডার সেল নং-১৪/২০২১/ তারিখ-

বিষয় : **টেন্ডার সেল নং-১৪/২০২১ এবং টেন্ডার সেল নং-১৫/২০২১ অনুষ্ঠান ।**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অখালাসকৃত/দাবীদারবিহীন পণ্যসমূহ নিলাম/টেন্ডারে বিক্রয়ের জন্য আগামী ১২/০৮/২০২১ খ্রিঃ তারিখে টেন্ডার সেল নং-১৪/২০২১ এবং আগামী ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখে টেন্ডার সেল নং-১৫/২০২১ এর অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

২। অতএব সর্বসাধারণের অবগতির জন্য ০২ (দুই)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং ০১ (এক) টি স্থানীয় দৈনিক পত্রিকা (স্থায়ী আদেশ মোতাবেক), Website : www.chc.gov.bd. ও www.nbr.gov.bd -এ নিলামযোগ্য পণ্যের বিবরণাদি সম্বলিত **টেন্ডার সেল নং-১৪/২০২১ এবং টেন্ডার সেল নং-১৫/২০২১ এর বিজ্ঞাপন টেন্ডার অনুষ্ঠিত হওয়ার ০৭ (সাত) দিন পূর্বে অর্থাৎ আগামী ০৫/০৮/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রকাশ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।** উল্লেখ্য, আপনার সাথে সম্পাদিত চুক্তির শর্ত মোতাবেক ৫০০ (পাঁচশত) কপি পোস্টারের মাধ্যমেও ব্যাপক প্রচার প্রচারণার কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে ঃ-

(ক) টেন্ডার সেল নং-১৪/২০২১ এর দরপত্র আগামী ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন ও ১২/০৮/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত এবং টেন্ডার সেল নং-১৫/২০২১ এর দরপত্র আগামী ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন এবং ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম, জেলা প্রশাসকের কার্যালয়, (নীচ তলা) সাধারণ শাখা, রুম নং-১৩৮, চট্টগ্রাম, সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, বাগেরহাট, খুলনা (এর কার্যালয়ে) এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন (৪র্থ তলা), ১৬০/এ, কাকরাইল (এর কার্যালয়ে), ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে খামবদ্ধ দরপত্র জমা দেয়া যাবে।

(খ) টেন্ডার সেল নং-১৪/২০২১ এর দরপত্র বাক্স আগামী ১২/০৮/২০২১খ্রিঃ তারিখে দুপুর ২.৩০ ঘটিকায় এবং টেন্ডার সেল নং-১৫/২০২১ এর বাক্স আগামী ২৬/০৮/২০২১খ্রিঃ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় একযোগে ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্স কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন (৪র্থ তলা), ১৬০/এ, কাকরাইল (এর কার্যালয়ে) এবং চট্টগ্রামের বাক্স সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম) এর কার্যালয়ে দরপত্রদাতাগণের উপস্থিতিতে খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)।

(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিক্রয় অনুমোদিত হওয়ার পর কোনরূপ গোলাভাড়া ও পোর্ট চার্জ ব্যতিরেকে ১২ (বার) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ দরপত্র প্রদানকারী সম্পূর্ণ দরপত্র মূল্য, ০৫ (পাঁচ) শতাংশ হারে আয়কর, ৭.৫% হারে মূল্য সংযোজন কর এবং অন্যান্য চার্জ কাস্টম হাউস, চট্টগ্রামের ট্রেজারীতে জমা দিয়ে মালামাল খালাসের জন্য অকশনিয়ার এর নিকট হতে ডেলিভারী অর্ডার (ডি.ও) গ্রহণপূর্বক মালামালসমূহ "যেখানে যে অবস্থায়/যে পরিমাণ/যে গুণগতমানে আছে" সে অনুযায়ী খালাস নিতে হবে। অন্যথায়, জামানতের অর্থ বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।

(ঘ) নিলাম হওয়ার পূর্বে ও পরে কোন পণ্যের বিপরীতে মামলা থাকলে/মামলার উদ্ভব হলে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জামানত বাবদ জমাকৃত অর্থ নিলাম কর্তৃপক্ষের নিকট জমা থাকবে। কোন পণ্য নিলাম কর্তৃপক্ষের যুক্তিসঙ্গত কারণে/মামলার কারণে নিলামকৃত পণ্য যথাসময়ে বিডারকে বুঝিয়ে দিতে না পারলে বিক্রয় আদেশ জারীর ০৬ (ছয়) মাসের মধ্যে জামানতের অর্থ/পে-অর্ডার ফেরতের আবেদন করা যাবে। উক্ত সময়সীমার মধ্যে আবেদন না করলে জামানত বাবদ পে-অর্ডার রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। পণ্য দেখে বুঝে শুনে বিড করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তিতে প্রদত্ত কোন শর্ত ও জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ-৯৩/২০১৯/কাস্টমস/ তাং-২০.০৬.২০১৯ এ প্রদত্ত শর্তাবলীর মধ্যে কোন সাংঘর্ষিক পরিস্থিতির উদ্ভব হলে স্থায়ী আদেশের শর্তাবলী প্রাধান্য পাবে।

(ঙ) এ বিজ্ঞপ্তি প্রচার হওয়ার পর যুক্তিসঙ্গত কারণে নিলাম অনুষ্ঠিত হওয়ার সর্বোচ্চ ০২ (দুই) দিন পূর্বে ক্যাটালগে সংশোধন, ক্যাটালগে নতুন পণ্য সংযোজন বা ক্যাটালগ হতে কোন পণ্য প্রত্যাহার করা হতে পারে। ক্যাটালগ সংশোধন/সংযোজন, ক্যাটালগ হতে পণ্য প্রত্যাহার সংক্রান্ত বিজ্ঞপ্তি নিলাম শাখা, কাস্টম হাউস, চট্টগ্রামের নোটিশ বোর্ডে প্রচার করা হবে। বিডমূল্য/দরপত্র ফেলার পূর্বে তা দেখে নেয়ার জন্য অনুরোধ করা হলো।

৪। এছাড়া, সংরক্ষিত মূল্য তথ্যবিহীন লটসমূহ ক্যাটালগভুক্ত না করার জন্য বলা হলো। ক্যাটালগে বর্ণিত নিলাম সংক্রান্ত অন্যান্য শর্তাদি যথাযথভাবে পালন করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আল-আমিন)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপক ঃ স্বত্বাধিকারী
কে.এম কর্পোরেশন
৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট,
চট্টগ্রাম।

চলমান পাতা ০২

নথি নং-৫(৩৩৯)/কাস-চ/অক/টেন্ডার সেল নং-১৪/২০২১/৩০৭৭ তারিখ-০৪/৮/২১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। এডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।

২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।

৩। সহকারী/ডেপুটি কমিশনার অব কাস্টমস (প্রশাসন), কাস্টম হাউস, চট্টগ্রাম।

৪। পিএ-টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৫। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। পিএ-টু-কমিশনার,শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম।

২। সহকারী পুলিশ কমিশনার (পোর্ট), চট্টগ্রাম।

৩। পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৪। সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, বাগেরহাট, খুলনা। (নিলাম অনুষ্ঠানের নির্ধারিত তারিখ ও সময়ে টেন্ডার বক্স স্থাপনপূর্বক দুপুর ২:৩০ ঘটিকায় বাক্স খুলে প্রাপ্ত দরপত্রের তথ্যাদি যথাসময়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৫। সহকারী কমিশনার (সদর) শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা। (নিলাম অনুষ্ঠানের নির্ধারিত তারিখ ও সময়ে টেন্ডার বক্স স্থাপনপূর্বক দুপুর ২:৩০ ঘটিকায় বাক্স খুলে প্রাপ্ত দরপত্রের তথ্যাদি যথাসময়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৬। অফিসার ইনচার্জ, বন্দর থানা, চট্টগ্রাম। (নিলাম অনুষ্ঠানের নির্ধারিত তারিখে ২:৩০ ঘটিকায় নিলাম শাখার নিলাম হলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে অনুরোধ করা হলো)।

৭। রেভিনিউ অফিসার (প্রশাসন), কাস্টম হাউস, চট্টগ্রাম (পত্রটি কাস্টম হাউস এর নোটিশ বোর্ড এ সাটানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৮। রেভিনিউ অফিসার (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।

৯। গোলা অফিসার (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।

১০। এল.পি.ও সুপার/অডিট অফিসার (টিএ)/নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ. চট্টগ্রাম।

১১। নোটিশ বোর্ড।

১২। অফিস কপি।

০৪/৮/২১

(মোঃ আল-আমিন)
ডেপুটি কমিশনার অব কাস্টমস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস,চট্টগ্রাম
নিলাম শাখা
www.chc.gov.bd E_mail: customhousectg@gmail.com

নথি নং-৫(৩৩৯)/কাস-চ/অক/টেন্ডার সেল নং-১৪/২০২১/৩১৫৭ তারিখ-০৮/০৮/২০২১খ্রিঃ।

প্রেরক ঃ কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপক ঃ সিস্টেম ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় ঃ টেন্ডার সেল নং-১৪/২০২১" সংক্রান্ত নিলামের ক্যাটালগের সফ্‌ট কপি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট এ আপলোড করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রামের নিলাম শাখার কার্যক্রমকে গতিশীল এবং অধিকতর প্রচারণার লক্ষ্যে "টেন্ডার সেল নং-১৪/২০২১" নিলামের ক্যাটালগের Soft Copy জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট এ আপলোড করার জন্য বিনীত অনুরোধ করা হলো। বিষয়টি জরুরী বিবেচ্য।

০৮/৮/২১

(মোঃ আল-আমিন)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৫(৩৩৯)/কাস-চ/অক/টেন্ডার সেল নং-১৪/২০২১/ তারিখ- /০৮/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। এডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম (ক্যাটালগটি কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অকশনিয়ার : মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।
৬। অফিস কপি।

(মোঃ আল-আমিন)
ডেপুটি কমিশনার অব কাস্টমস

Sale\Tender-2021\UPLOAD TENDER.docx